

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
উপকরণ-২ শাখা  
[www.moa.gov.bd](http://www.moa.gov.bd)

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৩.১০৬

তারিখ : ২৯ বৈশাখ ১৪৩১  
১২ মে ২০২৪

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : ২০২২-২৩ অর্থবছরে যশোর জেলার অনুকূলে নারিকেল চারা প্রণোদনা কর্মসূচি বাবদ প্রদত্ত ২২.৫০ টাকার মেয়াদ উত্তীর্ণ চেকের সমপরিমাণ অর্থ ২০২৩-২৪ অর্থবছরে “কৃষি পুনর্বাসন সহায়তা” খাতে বরাদ্দকৃত অর্থ হতে পুনর্ভরণ বাবদ ছাড়করণ ও অগ্রিম উত্তোলনের সরকারি মঞ্জুরি আদেশ।

সূত্র: (১) অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১০২.২০.০০২.২৩-১২২, তারিখ: ৩০/০৩/২০২৪ খ্রি।

(২) ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়ের স্মারক নং-০৭.০৩.৪১০০.১০০.১৮.০০২.২৪/২৫, তারিখ: ১০/০১/২০২৪ খ্রি।

(৩) কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১২.০০.০০০০.০২৬.০০৯.০০৭.২৩.৪৪, তারিখ: ২৫/০২/২০২৪ খ্রি।

(৪) কৃষি মন্ত্রণালয়ের জি.ও নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৩.১৮২, তারিখ: ০৬/০৬/২০২৩ খ্রি।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের পরিপ্রেক্ষিতে কৃষি মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরে যশোর জেলার অনুকূলে নারিকেল চারা প্রণোদনা কর্মসূচি বাবদ প্রদত্ত ২২.৫০ লক্ষ (বাইশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মেয়াদ উত্তীর্ণ চেকের সমপরিমাণ অর্থ ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে ‘১২০০০৬৫০৫-কৃষি পুনর্বাসন সহায়তা’ খাতের অন্তর্ভুক্ত ‘৩২৫১১০৯-বীজ ও চারা’ উপখাতে বরাদ্দকৃত অর্থ হতে ২২.০০ লক্ষ (বাইশ লক্ষ) টাকা ও ‘৩৬৩১১৯৯-অন্যান্য অনুদান’ উপখাতে বরাদ্দকৃত অর্থ হতে ০.৫০ (পঞ্চাশ হাজার) টাকা অর্থাৎ সর্বমোট ২২.৫০ লক্ষ (বাইশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা নিম্নবর্ণিত শর্তে ন্যাশনাল ব্যাংক লিমিটেড, যশোর শাখাকে পুনর্ভরণ বাবদ প্রদানের জন্য যশোর জেলার জেলা প্রশাসক এবং সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটির অনুকূলে অর্থছাড় ও অগ্রিম উত্তোলনের মঞ্জুরি নির্দেশক্রমে জ্ঞাপন করা হল:

**শর্তাবলি:**

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA-২০০৬ এবং PPR-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- উক্ত চেক ২টি জেলা প্রশাসক, যশোর বরাবরই ইস্যু করতে হবে;
- উক্ত চেক ২টি জেলা প্রশাসক, যশোর কর্তৃক ন্যাশনাল ব্যাংক, যশোর শাখা ব্যতীত অন্য কোন ব্যাংক থেকে যেন নগদায়ন করতে না পারে এ বিষয়টি নিশ্চিত করতে হবে;
- অর্থ বিভাগকে অবহিতকরণের জন্য উক্ত চেক ০২ টির টাকা ন্যাশনাল ব্যাংক, যশোরকে পরিশোধ করা হয়েছে মর্মে জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, যশোর কর্তৃক প্রত্যয়নপত্র এবং “ন্যাশনাল ব্যাংক লিমিটেড, যশোর শাখা, যশোর” এর অনুকূলে জেলা প্রশাসক, যশোর কর্তৃক প্রদত্ত ২২.৫০ লক্ষ টাকার চেকের কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও কৃষি মন্ত্রণালয় বরাবর প্রেরণ করতে হবে; এবং
- অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে।

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষর/

নাইমা আফরোজ ইমা  
সিনিয়র সহকারী সচিব

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৩.১০৬

তারিখ : ২৯ বৈশাখ ১৪৩১  
১২ মে ২০২৪

আদেশের ০৪ (চার) কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষর/

নাইমা আফরোজ ইমা  
সিনিয়র সহকারী সচিব

ফোন নং ০২৫৫১০০২৫৪

নং- ০৭.০০.০০০০.১২০.১৬.১১৪.২৩

তারিখ :

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের অনুলিপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

(মুহাম্মদ আনিসুর রহমান)  
উপসচিব  
বাজেট-২০ শাখা  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৩.১০৬

তারিখ : ২৯ বৈশাখ ১৪৩১  
১২ মে ২০২৪

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। (উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিতকরণের অনুরোধসহ)
৫. অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, যশোর।
৭. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, যশোর।
১১. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (যশোর জেলা) (শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)
১২. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

নাইমা আফরোজ ইমা  
সিনিয়র সহকারী সচিব  
E-mail-input2@moa.gov.bd/  
moa.input2@gmail.com